

২০

ইসলামী বিশ্ববিদ্যালয়
বন্ধ ঘোষণার সিদ্ধান্ত
নিয়া বিভ্রান্তি

ইসলামী বিশ্ববিদ্যালয়-সংবাদ-
দাতা ॥ ছাত্র সংঘর্ষের কারণে বিশ্ব-
বিদ্যালয় কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয় বন্ধ
ঘোষণার ন্যায় সিদ্ধান্ত অস্পষ্টভাবে
প্রকাশ করায় ইহা লইয়া ছাত্র-শিক্ষক
অভিভাবক মহলে বিভ্রান্তি দেখা
দিয়াছে। শুক্রবার রাতের সিওকেট
(৯ম পৃ: ৬:)

ইসলামী বিশ্ববিদ্যালয়
(৩য় পৃ: পর)

সভার সূত্র ধরিয়া গত শনিবার উপ-
রেজিষ্টার (প্রশাসন) স্বাক্ষরিত প্রজ্ঞা-
পনে বলা হইয়াছে, শনিবার হইতে
আগামী ৩০ জুলাই পর্যন্ত সকল
প্রকার একাডেমিক কার্যক্রম স্থগিত
থাকিবে। প্রয়োজনে তিসি স্থগিতের
সেয়াদ বাড়াইতে পারিবেন। শনি-
বার দুপুর ১২ টার মধ্যে ছাত্র-
ছাত্রীদের হল তাগের নির্দেশ
দেওয়া হইয়াছে। অর্থাৎ কবে
পুনরায় হল খুলিবে তাহা বলা
হয় নাই। এদিকে শনিবার ১লা
আগষ্ট হইতে যথারীতি পরীক্ষা
অনুষ্ঠিত হইবে এই মর্মে পরীক্ষা
নিয়ন্ত্রক স্বাক্ষরিত আরেকটি
বিজ্ঞপ্তি সকল বিভাগে পৌঁছাইলে
ক্যাম্পাসে উত্তেজনা দেখা দেয়।
ছাত্ররা পড়োটি কার্যালয়ে বিক্ষোভ
প্রদর্শন করে। তাহার পুনরায় হল
খোলা, ক্লাস-পরীক্ষা চালুর ব্যাপারে
স্বস্পষ্ট সিদ্ধান্ত প্রদান এবং হল বন্ধ
রাখিয়া পরীক্ষা গ্রহণের প্রক্রিয়া
বন্ধের দাবী জানায়। বিশ্ববিদ্যালয়ের
আইন-শৃংখলা নিয়ন্ত্রণের দায়িত্বপ্রাপ্ত
'প্রক্টরিয়াল কমিটি' বিক্ষুব্ধ ছাত্রদের
হল খোলা রাখিয়া পরীক্ষা নেওয়ার
মৌখিক প্রতিশ্রুতি দেন।

অপরদিকে শনিবার শিক্ষক
সমিতির সভাপতি ডঃ মোশাররফ
হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত
কার্যকরী পরিষদের এক সভায়
বিশ্ববিদ্যালয় প্রশাসনের বিরুদ্ধে
সাম্প্রতিক সহিংস পরিস্থিতি মোকা-
বিলা ও একাডেমিক পরিবেশ রক্ষায়
ব্যর্থতার অভিযোগে বিশ্ববিদ্যালয়
অস্পষ্টভাবে বন্ধ ঘোষণা এবং হল
বন্ধ রাখিয়া পরীক্ষা গ্রহণের
সিদ্ধান্তের প্রতিবাদ জানান হয়।